# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) দেরগাঁওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে আজ গোয়া পুলিশের নবনিযুক্ত ৭০০ জন কনস্টেবলের দীক্ষান্ত সমারোহ ।

২) কাছাড় সহ রাজ্যে ৮টি নতুন সমজেলা সংযোজনের কাজ আজ আনুষ্ঠানিকভাবে শুরু ।

৩) টসে জিতে কংগ্রেসের হাইলাকান্দি জেলা পরিষদের বোর্ড গঠন/ নতুন সদস্যদের শপথ গ্রহণ/

এবং

৪) আসাম প্রকাশন পর্ষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথ উদ্যোগে আয়োজিত আসাম গ্রন্থমেলা শিলচর সহ রাজ্যের আটটি স্থানে/ শিলচরে পয়লা ডিসেম্বর থেকে দশই ডিসেম্বর পর্যন্ত মেলার আয়োজন/

---------------------------------------------------------------------------------

দেরগাঁওয়ের লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে আজ গোয়া পুলিশের নবনিযুক্ত ৭০০ জন কনস্টেবলের দীক্ষান্ত সমারোহ অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে গোয়ার মূখ্যমন্ত্রী ড.প্রমোদ সাওয়ন্ত মূখ্য অতিথি হিসেবে এবং মূখ্যমন্ত্রী ড. হিমন্ত বিশ্ব শর্মা বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মূখ্যমন্ত্রী ড.শর্মা লাচিত বরফুকন পুলিশ একাডেমীতে গোয়ার কনস্টেবলদের প্রশিক্ষণ প্রদান করা আসামের জন্য আনন্দের কতা বলে মন্তব্য করেন । তিনি বলেন যে গোয়া ও আসামের মধ্যে দূরত্ব অধিক হওয়া

সত্বেও এই জওয়ানদের আসামে প্রশিক্ষণের মাধ্যমে আন্তঃরাজ্য সমন্বয় ছাড়াও আসাম পুলিশের শৃঙ্খলাবদ্ধ এবং দক্ষ প্রশিক্ষণ ক্ষমতাকে প্রতিফলিত করে ।
উল্লেখ্য গোয়া পুলিশে নিযুক্ত প্রথম ,দ্বিতীয় ও তৃতীয় ইন্ডিয়া রিজার্ভ ব্যাটেলিয়নের ৭০০ জন কনস্টেবলের মধ্যে ৫৬৯ জন পুরুষ এবং ১৩১ জন মহিলা রয়েছেন ।
এদিকে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গোলাঘাট জেলা সফরের প্রস্তুতির খোঁজ নেবার উদ্দেশ্যে আজ দেরগাঁওয়ের আসাম পুলিশ সম্মেলন কেন্দ্রে এক পর্যালোচনা বৈঠকে অংশগ্রহণ করেন । প্রধানমন্ত্রী আগামী ৮ সেপ্টেম্বর নুমলীগড় জৈব শোধনাগারের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন এবং এক জনসভায় অংশগ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যে ৮ টি নতুন সমজেলা সংযোজনের কাজ আজ আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে । কাছাড় , কামরূপ , শোণিতপুর , যোরহাট ,তিনসুকিয়া এবং গোয়ালপারায় সমজেলা সংযোজন কার্যসূচীতে বেশকয়েকজন মন্ত্রী অংশগ্রহণ করেন । কাছাড় জেলার ধলাই সমজেলা কার্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধন করেন রাজ্যের মীন ,পশুপালন মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । ধলাই পি ডব্লিউ ডি খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে মন্ত্রী শ্রী পাল আজ প্রথমে সমজেলার ফলক উন্মোচন করেন এবং ফিতা কেটে কার্যালয়ের উদ্বোধন করেন । এরপর তিনি কার্যালয়ের বিভিন্ন বিভাগের কক্ষ পরিদর্শন করে জানান-------

---------বাইট-------

অনুষ্ঠানে শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য ,কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব , সমজেলার আয়ুক্ত রক্তিম বরুয়া ,দক্ষিণ আসামের ডি আই জি কঙ্কণজ্যোতি শইকিয়া , প্রবীণ পুলিশ সুপার নোমাল মহত্তা ,জেলার বেশ কয়েকজন বিধায়ক সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার অধ্যক্ষ নোমল মমিনকে বিধানসভার অধিবেশনের সময় শারিরীকভাবে বাধা দেবার ঘটনা সম্পর্কে আজ বিধানসভার বিশেষ অধিকার সমিতি বিধায়ক নুরুল হুদার ভাষ্য গ্রহণ করেছে । সমিতির কাছে বিধায়ক হুদা উপাধ্যক্ষকে শারিরীকভাবে বাধা দেবার কথা স্বীকার করেন । বিশেষ অধিকার সমিতির ভারপ্রাপ্ত অধ্যক্ষ সিদ্ধার্থ ভট্টাচার্য সাংবাদিকদের একথা জানান । বিধায়ক শেরমান আলী আসাম বিধানসভার অধিবেশনের সময় কিছু বিরূপ মন্তব্য করেছিলেন । বিধায়ক আলীও

সমিতির কাছে এই মন্তব্যের জন্য দুঃখ প্রকাশ করেন । উভয় বিধায়কের মন্তব্য গ্রহণের পর সমিতি আসাম বিধানসভার অধ্যক্ষের কাছে প্রতিবেদন দাখিল করবে বলে সমিতির ভারপ্রাপ্ত অধ্যক্ষ শ্রী ভট্টাচার্য জানান ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার অধীনে দেশের ভিন্ন ভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্যে এপর্যন্ত চার কোটি বারো লক্ষ গৃহ নির্মাণের ক্ষেত্রে অনুমোদন জানিয়েছে। লোকসভায় আজ প্রশ্নকালে উত্থাপিত এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী চন্দ্রশেখর পেম্মাসানি একথা জানান । তিনি আরো বলেন যে- এরমধ্যে দুই কোটি ৯০ লক্ষ গৃহের নির্মাণকাজ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে । বিগত দশ বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন সরকার কেন্দ্রের প্রদেয় অংশ হিসেবে দেশের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে দুই কোটি ১৭ লক্ষ কোটি টাকা দেওয়া হয়েছে । পূর্বতন ইউ পি এ সরকারের কার্যকালে এই অর্থের পরিমাণ মাত্র ৬৬ হাজার কোটি টাকা ছিল বলেও তিনি জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

আজ আর্ন্তজাতিক যুব দিবস । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের ২৫টি জেলায় আজ থেকে ষাট দিনের এইচ আই ভি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে বিস্তৃত তথ্য, শিক্ষা ও যোগাযোগ অভিযান রূপায়ণ করা হচ্ছে । এবারের আর্ন্তজাতিক যুব দিবসের বিষয়বস্তু হচ্ছে- বহনক্ষম উন্নয়নের লক্ষ্য প্রাপ্তির জন্য স্থানীয় যুবক যুবতীদের কার্যসূচী । এই বিষয়কে সামনে রেখে এইচ আই ভি'র মতো প্রত্যাহ্বানকে প্রতিহত করার জন্য যুবপ্রজন্মের প্রচেষ্টা হিসেবে বিশেষ কার্যসূচী রূপায়ণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আর্ন্তজাতিক যুব দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়ে যুব প্রজন্মকে তাদের শিক্ষা ও দক্ষতার উপর বিশ্বাস রেখে প্রত্যাহ্বান সমূহকে সুযোগ হিসেবে গ্রহণ করে রাষ্ট্র নির্মাণে অংশীদার হবার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে মাই গভ পোর্টালে স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজন করা বিভিন্ন প্রতিযোগিতায় ছাত্রছাত্রীদের সর্বাধিক অংশগ্রহণ নিশ্চিত করতে রাজ্যের প্রাথমিক সঞ্চালক জেলাগুলির প্রাথমিক শিক্ষা আধিকারিকের কাছে চিঠি পাঠিয়েছেন । রাজ্য সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকজ সুরঞ্জনা সেনাপতির পাঠানো এই চিঠিতে এই দিবস উপলক্ষে রচনা, চিত্রাংকন, রীল প্রতিযোগিতা, ক্যুইজ সহ বিভিন্ন প্রতিযোগিতা আয়োজনের পরামর্শ দেওয়া হয়েছে । এসবের মাধ্যমে

ছাত্রছাত্রীদের মধ্যে দেশের প্রতি সচেতনতা, দেশাত্মবোধ এবং সৃজনশীল মনোভাব জাগ্রত করার প্রয়াস করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

টানা পনেরো বছর পর হাইলাকান্দি জেলা পরিষদের বোর্ড গঠন করলো কংগ্রেস । আট সদস্য বিশিষ্ট হাইলাকান্দি জেলা পরিষদে বিজেপি ও কংগ্রেসের মধ্যে ৪-৪ ভোটে টাই হওয়ার পর টসে জয়লাভ করে কংগ্রেস বোর্ড গঠন করে । এবং কংগ্রেসের জেলা পরিষদ সদস্য ফাতেমা বেগম হাইলাকান্দি জেলা পরিষদের চেয়ারপার্সন নির্বাচিত হন । হাইলাকান্দি জেলা পরিষদ কার্যালয়ে আজ এক অনুষ্ঠানে নবনির্বাচিত জেলা পরিষদ সদস্যদের শপথ গ্রহণ এবং নতুন বোর্ড গঠনের জন্য চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠিত হয় । নতুন বোর্ডের ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন- নারায়ণপুর-বন্দুকমারা জেলা পরিষদ আসনের সদস্য জুহি আক্তার । উল্লেখ্য- আট সদস্য বিশিষ্ট হাইলাকান্দি জেলা পরিষদে বিজেপি তিনটি, কংগ্রেস তিনটি এবং দুজন নির্দল প্রার্থী বিজয়ী হয়েছিলেন । কংগ্রেস হাইলাকান্দি জেলা পরিষদ দখল করার পর জেলা কংগ্রেস ভবনে উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম প্রকাশন পর্ষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থার যৌথভাবে আয়োজন করে আসা আসাম গ্রন্থমেলা এই বছর শিলচর সহ রাজ্যের আটটি স্থানে আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । আসাম প্রকাশন পর্ষদের কার্যালয়ের সভাকক্ষে আজ অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে আসাম প্রকাশন পর্ষদ এবং সারা আসাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সংস্থা এইকথা জানিয়েছে । সেই অনুযায়ী আগামী পয়লা ডিসেম্বর থেকে দশ ডিসেম্বর পর্যন্ত শিলচরে এবং ২২শে অক্টোবর থেকে ২৯শে অক্টোবর পর্যন্ত বঙাইগাওয়ে, পয়লা নভেম্বর থেকে দশ নভেম্বর পর্যন্ত লক্ষিমপুরে, ছয় নভেম্বর থেকে ১৭ নভেম্বর র্যন্ত নলবাড়ীতে, ১৪ নভেম্বর থেকে ২৬শে নভেম্বর পর্যন্ত যোরহাটে, ২৮শে নভেম্বর থেকে সাত ডিসেম্বর পর্যন্ত তিনসুকিয়ায় এবং বারো ডিসেম্বর থেকে ১৮ ডিসেম্বর পর্যন্ত মঙ্গলদৈতে আসাম গ্রন্থমেলা অনুষ্ঠিত হবে ।

-----------------------------------------------------------------------------------------

শিলচরের আসাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এবং ক্রীড়া পর্ষদের সহযোগিতায় স্বাধীনতার ৭৯তম বর্ষ উদযাপন উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে আজ হর ঘর তিরঙ্গা কার্যসূচী পালন করা হয়েছে । বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ হর ঘর তিরঙ্গা কার্যসূচীর সূচনা করেন । এ উপলক্ষে রবীন্দ্র গ্রন্থাগার

থেকে একটি র‍্যালি যাত্রা শুরু করে বিশ্ববিদ্যালয়ের মূল গেটের সামনে এসে শেষ হয় । এতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অধ্যাপক ও ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেন । সমাজকর্ম বিভাগের অধ্যাপক তথা অসম বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া পর্ষদের সঞ্চালক অধ্যাপক তিনেশ্বরী দেবী বলেন যে- জাতীয় পতাকা কেবল একটি কাপড় নয় , এটি জাতীয়তাবাদ এবং দেশপ্রেমের গভীর বার্তা বহন করে ।

-----------------------------------------------------------------------------------------